

## টরন্টো-লন্ডন-রোম ফ্লাইটের নতুন সময়সূচি

- A Monitor Desk Report

Date: 15 May, 2025



**ঢাকা:** পাকিস্তান ও ভারতের মধ্যে আঞ্চলিক আকাশসীমা পরিস্থিতি স্বাভাবিক হওয়ায় টরন্টো, লন্ডন এবং রোম অভিমুখী ফ্লাইটের জন্য সংশোধিত ঢাকা ত্যাগের সময়সূচি ঘোষণা করেছে বিমান বাংলাদেশ এয়ারলাইন্স।

জাতীয় পতাকাবাহী সংস্থা জানিয়েছে, ফ্লাইটের নতুন সময়সূচি বৃহস্পতিবার (১৫ মে) থেকে কার্যকর হবে। সেই সঙ্গে সব যাত্রীর আপডেট করা সময় অনুসারে চেক-ইন কাউন্টারে রিপোর্ট করার জন্য অনুরোধ করা হয়েছে।

এক সংবাদ বিজ্ঞপ্তিতে বিমান বলছে, ঢাকা-টরন্টো (ইএ৩০৫/৩০৬) ফ্লাইটের আপডেট করা ফ্লাইটের সময়সূচি- ঢাকা থেকে ছেড়ে যাওয়ার সময় পূর্ববর্তী সময় ভোর ৩টা ৪৫ মিনিট থেকে পরিবর্তন করে ভোর ৩টা করা হয়েছে।

ঢাকা-লন্ডন (ইএ২০১/২০২) ফ্লাইট ঢাকা থেকে ছেড়ে যাওয়ার সময়সূচি সকাল ৭ টা ৪০ মিনিটের পরিবর্তে সকাল ৭টায় পুনর্নির্ধারণ করা হয়েছে। শুধু বৃহস্পতিবার, ঢাকা-লন্ডন ফ্লাইট এখন সকাল ৮টা ৫০ মিনিটের পরিবর্তে সকাল ৮টা ১০ মিনিটে ছাড়বে।

ঢাকা-রোম (ইএ৩৫৫/৩৫৬) ফ্লাইট-ঢাকা থেকে ছেড়ে যাওয়ার সময় পূর্বের সময় ১১টা ৩০ মিনিটের পরিবর্তে সকাল ১০টা ৪৫ মিনিটে নির্ধারণ করা হয়েছে।

-B